

নতুন পাঠক্রম

ত্রিস্তরীয়

২০১৮

বাংলা

(বাণিজ্য বিভাগ)

আবশ্যিক পত্র

পূর্ণমান : ৫০

সময় : ২ ঘণ্টা

দক্ষিণ প্রান্তস্থ সংখ্যাগুলি প্রথমমান নির্দেশক।

পরীক্ষার্থীদের যথাসম্ভব নিজের ভাষায় উত্তর দেওয়া প্রয়োজন।

১। যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও :

১×১৫

(ক) 'ঝড়ের খেয়া' কবিতাটির নামকরণের সার্থকতা আলোচনা করো।

(Turn Over)

(ব) 'মনুষ্য জীবনের উদ্দেশ্য' প্রবন্ধে প্রাবন্ধিক মনুষ্য জীবনের উদ্দেশ্য সম্পর্কে যে মত প্রকাশ করেছেন তা নিজের ভাষায় লেখো। ১৫

২। সারাংশ লেখো :

১০

রামমোহনের মত বঙ্কিমচন্দ্রও জীবনের সকল বিভাগে একটা সমন্বয় প্রতিষ্ঠার চেষ্টা করিয়াছেন। তাঁহার ধর্মতত্ত্বের আলোচনায় ইহা বিশেষভাবে দেখিয়াছি। বঙ্কিম-সাহিত্যের রাষ্ট্রনীতিও এই সমন্বয় প্রতিষ্ঠারই চেষ্টা করিয়াছে। বিরোধ থাকিলেই সমন্বয় করিতে হয়। ধর্মেতে এবং সমাজে আমাদের বর্তমান যুগে প্রাচীনে এবং নবীনে একটা তীব্র বিরোধ বাধিয়া উঠিয়াছিল। বঙ্কিমচন্দ্র তাঁহার অনুশীলন-ধর্মে, ভগবদ্গীতার ব্যাখ্যাতে এবং কৃষ্ণ-চরিত্রে এই বিরোধের একটা সমীচীন মীমাংসা করিবার চেষ্টা করিয়াছেন। তিনি প্রাচীনের প্রতি অনুরাগ বশতঃ নবীনকে বর্জন করিতে চাহেন নাই। আবার নবীনের লালসায় প্রাচীনকেও উপেক্ষা করেন নাই। কিন্তু প্রাচীনের সনাতন সত্য এবং সাধনার উপরে নবীনের প্রেরণাকে প্রতিষ্ঠিত করিয়া উভয়ের মধ্যে একটি সমন্বয় গড়িয়া তোলেন। সমন্বয়ের একটা সময় এবং অবস্থা আছে। কোন বিরোধ পাকিয়া না উঠিলে সমন্বয়ের সময় উপস্থিত হয় না। দূরদর্শী মনীষীরা প্রয়োজন হইলে পরিণামে এই সমন্বয় প্রতিষ্ঠার জন্যই, আদিতে বিরোধটা পাকিয়া তুলিতে চেষ্টা করেন। বিরোধ যত পাকিয়া উঠে, ততই সমন্বয়ের প্রয়োজন ও অবসর উপস্থিত হয়। বাংলার বর্তমান যুগে বঙ্কিমচন্দ্রের পূর্বেই ধর্মে ও সমাজে প্রাচীনের এবং নবীনের মধ্যে বিরোধটা খুবই পাকিয়া উঠিয়াছিল।

সুতরাং এক্ষেত্রে বঙ্কিমচন্দ্রকে বিরোধ পাকাইতে হয় নাই। তবে তাঁহার প্রথম জীবনে নবীন সমাজ সংস্কারের দলই অতিশয় প্রবল হইয়া উঠিয়াছিলেন। নব্য-শিক্ষিত সম্প্রদায়ের মধ্যে অতি অল্প লোকই সেকালে প্রাচীনের পক্ষপাতী ছিলেন। সুতরাং বঙ্কিমচন্দ্র প্রথম বয়সে কোন কোন দিক দিয়া এই দুর্বল পক্ষেরই ওকালতি গ্রহণ করিয়া প্রবল দলকে একটুকু সংযত ও আত্মস্থ করিতে চেষ্টা করেন।

অথবা

ভাবসম্প্রসারণ করো :

১০

মানুষের অধিকারে বঞ্চিত করেছ যারে,

সম্মুখে দাঁড়ায়ে রেখে তবু কোলে দাও নাই স্থান,

অপমানে হতে হবে তাহাদের সবার সমান।।

৩। যে কোনো একটি বিষয়ে অনুচ্ছেদ রচনা করো :

১×১০

(ক) বনসৃজনের প্রয়োজনীয়তা ;

(খ) বাংলা শিশু সাহিত্য ;

(গ) এয়ুগের নারী ঔপন্যাসিক ;

(ঘ) ইন্টারনেট ও ব্যক্তি সুরক্ষা

৪. বিভিন্ন শব্দ লেখো (যে কোনো পাঁচটি) : ৫×১
 assets, bounded, credit, jurisdiction, record, Public,
 trust.
- ৫। যে কোনো দুটি প্রশ্নের উত্তর দাও : ২×৫
- (ক) পদ পরিবর্তন করো : (৫টি) ৫×১
 নিদ্রা, লবণ, শরণ, নৈয়ায়িক, বহুজাত, প্রণাম।
- (খ) অণুন্ধি সংশোধন করো : (৫টি) ৫×১
 অতিক্রমীয়, উপাচার, কীরিটি, সুশ্রুসা, প্রতিভা, দুর্ভাবস্থা
- (গ) বিপরীতার্থক শব্দ লেখো : (৫টি) ৫×১
 অনুপম, আসক্ত, উপেক্ষা, ত্যাজ্য, পারত্রিক, নির্গমন।